

## আইসিটি বিভাগের দায়িত্ব ও কার্যাবলী

- (১) বিআইডব্লিউটিএ ভবনে স্থাপিত সার্ভার কক্ষ, নেটওয়ার্ক ও নেটওয়ার্কিং এক্সেসরিজ, অনলাইন ইউপিএস এবং আনুষঙ্গিক যন্ত্রপাতিসমূহ সার্বক্ষণিকভাবে পরিচালন ও সংরক্ষণ।
- (২) বিআইডব্লিউটিএ ভবনের বিভিন্ন তলায় অবস্থিত বিভাগসমূহে স্থাপিত ১২০ টি ইন্টারনেট এক্সেস পয়েন্ট এর Physical Connectivity সার্বক্ষণিকভাবে রক্ষণাবেক্ষণ পরিচালন ও সংরক্ষণ।
- (৩) কর্তৃপক্ষের ডাইনামিক ওয়েবসাইট সার্বক্ষণিকভাবে সংরক্ষণ ও পরিচালন।
- (৪) কর্তৃপক্ষের জন্য পূর্ণাঙ্গ ওয়েব-বেইজড ও ডাটাবেইজ চালুর বিয়য়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।।
- (৫) বিআইডব্লিউটিএ ভবনের ৬ষ্ঠ তলায় অবস্থিত ভিডিও কনফারেন্সিং এবং **Wi-fi** (Wireless Fidelity ie; A Local Internet Connectivity facility without wire) সিস্টেম সার্বক্ষণিকভাবে পরিচালন ও সংরক্ষণ।
- (৬) প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক্সেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এর তত্ত্বাবধানে পরিচালিত ন্যাশনাল ওয়েব পোর্টাল এর আওতায় বিআইডব্লিউটিএ অংশে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট তথ্যাদি আপলোডসহ পোর্টাল সার্বক্ষণিকভাবে পরিচালন ও সংরক্ষণ।
- (৭) সরকারি ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা, দ্রুততা এবং জবাবদিহিতা নিশ্চিত করাসহ কর্তৃপক্ষের ক্রয় কার্যক্রম ইলেক্ট্রনিক পদ্ধতিতে সম্পাদনের লক্ষ্যে ই-জিপি পোর্টালে অন্তর্ভুক্তির (access) প্রয়োজনীয় ব্যবস্থাসহ ই-জিপি কার্যক্রমের সংগে সম্পৃক্ত কর্মকর্তাবৃন্দের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।
- (৮) কর্তৃপক্ষের সব কর্মকর্তার জন্য ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- (৯) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক অত্র সংস্থার জন্য প্রস্তুতকৃত মোবাইল এ্যাপস (Mobile Apps)-এ BIWTA'র বিভিন্ন অংশে প্রয়োজনীয় তথ্যাদি সার্বক্ষণিকভাবে আপলোড করা।
- (১০) বিআইডব্লিউটিএ ভবনের বিভিন্ন তলায় অবস্থিত বিভাগসমূহে স্থাপিত ৩২ টি সিসিটিভি ক্যামেরা রক্ষণাবেক্ষণ, পরিচালন ও সংরক্ষণ।
- (১১) বিআইডব্লিউটিএ'র মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরসমূহে স্থাপিত কম্পিউটারসমূহের মধ্যে Physical Connectivity স্থাপন করার জন্য পরিকল্পনা প্রণয়ন।
- (১২) এছাড়া দাপ্তরিক দৈনন্দিন অন্যান্য কার্যক্রমসমূহ পরিচালন।